এমপি পদ থেকে মিষ্টিকে পদত্যাগের নির্দেশ প্রধানমন্ত্রীর



বিএনপির সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য ফেরদৌসী আহমেদ মিষ্টি। ছবি: সংগৃহীত

বিএনপির সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য ফেরদৌসী আহমেদ মিষ্টিকে পদত্যাগ করতে বলেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান।

মিরপুরের রাড্ডা এমসিএইচ-এফপি সেন্টারে হামলা ও ভাঙচুরের ঘটনার পর তার পদত্যাগের বিষয়টি সামনে আসে। গত বৃহস্পতিবার গভীর রাতে মা ও শিশুস্বাস্থ্যকেন্দ্রটিতে হামলার পাশাপাশি সেখানে লুটপাটের ঘটনাও ঘটে। এ ঘটনায় সরকারি দলের বিভিন্ন পর্যায়ের নেতা-কর্মীদের জড়িত থাকার অভিযোগ ওঠে।

এরই মধ্যে মিষ্টির রাজনৈতিক অতীত নিয়েও নানা অভিযোগ সামনে এসেছে। ওয়ার্ড কাউন্সিলর হিসেবে দায়িত্ব পালনের সময় তার বিরুদ্ধে চাঁদাবাজি, সন্ত্রাস ও জমি দখলের মতো অভিযোগ ওঠার কথা বিভিন্ন সময়ে আলোচনায় এসেছে।

এসব অভিযোগকে কেন্দ্র করে মিষ্টির রাজনৈতিক কর্মকাণ্ড নিয়েও প্রশ্ন উঠেছে।

LENS ASIA